■ Issue: 11 ■ July 2021

UITS
*Future will be better than thy past*

# UITS Newsletter

UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY & SCIENCES



‘ শিক্ষা ব্যবস্থাকে আরও আধুনিকায়নের জন্য সরকারের গৃহীত পদক্ষেপে বিশেষ অবদান রেখে চলেছে ইউআইটিএস। আর এটি প্রতিষ্ঠিত করেছেন সমাজসেবায় একুশে পদকপ্রাপ্ত সমাজ সংস্কারক ও শিক্ষানুরাগী আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। আমরা মনে করি, আলোকিত মানুষ গড়ায় ইউআইটিএস অনন্য ভূমিকা পালন করে চলেছে। ’

## আলোকিত মানুষ গড়ায় ইউআইটিএস-এর অনন্য ভূমিকা

‘শিক্ষা ব্যবস্থাকে আরও আধুনিকায়নের জন্য সরকারের গৃহীত পদক্ষেপে বিশেষ অবদান রেখে চলেছে ইউআইটিএস। আর এটি প্রতিষ্ঠিত করেছেন সমাজসেবায় একুশে পদকপ্রাপ্ত সমাজ সংস্কারক ও শিক্ষানুরাগী আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। আমরা মনে করি, আলোকিত মানুষ গড়ায় ইউআইটিএস অনন্য ভূমিকা পালন করে চলেছে।’ গত ১১ ডিসেম্বর-২০২১ তারিখ, রোজ শনিবার ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর শরৎকালীন নবীনবরণ উৎসবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

নবীনদের উদ্দেশে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, ‘তোমরা অত্যন্ত সৌভাগ্যবান এই জন্য যে, একুশে পদকপ্রাপ্ত সুফি মিজানুর রহমানের বিশ্ববিদ্যালয়ের ছাত্র হওয়ার সুযোগ লাভ করেছ। তোমাদের সে সুযোগকে কাজে লাগাতে হবে। সুশিক্ষিত আদর্শ মানুষ হিসাবে নিজেদের গড়ে তুলে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সেবায় আত্মনিয়োগ করতে হবে।’

ইউআইটিএস ও পিএইচপি পরিবারের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান প্রধান আলোচকের বক্তব্যের প্রারম্ভে তাঁর দরাজ কণ্ঠে সুফিবাদী সঙ্গীত পরিবেশন করে এর মর্মকথা শুধী সমাজের সামনে উপস্থাপন করেন। তিনি বলেন, ‘আজকের তরুণ প্রজন্মের হাতে ২০৪১ সালের আগে উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠা করা সম্ভব। তবে তাদের আরও উদ্যমী হতে হবে। তরুণদের স্বপ্ন দেখতে হবে; অনেক বড় স্বপ্ন এবং সেই স্বপ্নকে বাস্তবে রূপ দিতে করতে হবে অক্লান্ত পরিশ্রম। সেই পরিশ্রম করতে হবে দেশের জন্য, মানুষের জন্য।’

ইউআইটিএস-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান-এর সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ঢাকাস্থ তুরস্কের রাষ্ট্রদূত মুস্তাফা ওসমান তুরান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল, ইউআইটিএস বিওটির সম্মানিত সদস্য ও পিএইচপি ফ্যামিলির পরিচালক মোহাম্মদ আমির হোসেন সোহেল। বক্তব্য প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর ও স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট এবং ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা ও ল’ অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, অনুষ্ঠানের আয়োজক কমিটির আহ্বায়ক ও লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন মিসেস সৈয়দা আফসানা ফেরদৌসী। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। এছাড়াও অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক-শিক্ষার্থীসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের মূল আকর্ষণ ছিল জেমসের ‘নগর বাউল’-এর পরিবেশনা।





# UITS Board of Trustees




**Alhaj Sufi Mohamed Mizanur Rahman**
Bachelor of Commerce
University of Dhaka
Chairman, Board of Trustees, UITS
Chairman, PHP Family



**Mrs. Tahmina Rahman**
Member, Board of Trustees, UITS
Director, PHP Family



**Mr. Mohammed Mohsin**
BBA, North Eastern University, Boston
MA, USA
Member, Board of Trustees, UITS
Vice Chairman, PHP Family



**Mr. Mohammed Iqbal Hossain**
BBA, North Eastern University, Boston
MA, USA
Member, Board of Trustees, UITS
Managing Director, PHP Family



**Mr. Mohammed Anowarul Haque**
BSc. Industrial Engineering
North Eastern University, Boston
MA, USA
Member, Board of Trustees, UITS
Managing Director:
PHP NOF Continuous Galvanizing Mills Ltd.
PHP Continuous Galvanizing Mills Ltd.
PHP Fisheries Ltd.
PHP Telecom Limited
PHP Power Generation Plant Ltd.



**Mr. Mohamed Ali Hossain**
Bachelor of Business Management
University of Canberra, Australia
Member, Board of Trustees, UITS
Managing Director:
PHP Latex & Rubber Products Limited
Bay Terminal & Distribution Co. Ltd.



**Mr. Mohammed Amir Hossain**
Bachelor of Business Communication
University of Canberra, Australia
Member, Board of Trustees, UITS
Managing Director:
PHP Float Glass Industries Ltd.
PHP Aluminium Products Unit
PHP Power Company Ltd.
PHP Petro Refinery Limited
PHP Agro Prouducts Ltd.
Dina Cold Storage Ltd.



**Mr. Mohammed Zahirul Islam**
Bachelor of Information Technology
University of Canberra, Australia
Member, Board of Trustees, UITS
Managing Director:
PHP Ship Breaking & Recycling Industries Ltd.
PHP Ispat Limited
PHP Spinning Mills Ltd.
PHP Cotton Mills Ltd.
PHP Rotor Spinning Mills Ltd.



**Mr. Mohammed Akther Parvez**
Bachelor of Business Communication
University of Canberra, Australia
Member, Board of Trustees, UITS
Managing Director:
PHP Automobiles Limited
Pelican Properties Limited
PHP Stocks & Securities Limited
PHP Capital Management Ltd.
PHP Denim Limited
PHP Motors Limited




## আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহীদদের প্রতি ইউআইটিএস-এর পক্ষ থেকে শ্রদ্ধা জ্ঞাপন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর পক্ষ থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে ৫২-এর ভাষা সৈনিকদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। গত ২১ ফেব্রুয়ারি ২০২১, রাত ২:০০ টায় ইউআইটিএস পরিবারের পক্ষে মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করা হয়। প্রভাত ফেরিতে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর জনাব মো. তারিকুল ইসলাম, সহকারী প্রক্টর জনাব শুভ দাস, জনাব খালিদ মাহবুব খান, জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুকসহ সীমিত সংখ্যক শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



## ইউআইটিএস ক্যাম্পাসে সরস্বতী পূজা উদযাপন

ইউআইটিএস পূজা উদযাপন কমিটির উদ্যোগে ইউআইটিএস ক্যাম্পাস প্রাঙ্গণে সরস্বতী পূজা ১৪২৭ উদযাপিত হয়। গত ১৬ ফেব্রুয়ারি ২০২১ অনুষ্ঠিত পূজা উৎসবে উদযাপন কমিটির পক্ষে ড. পলাশ চন্দ্র কর্মকার, পরিচালক ইউআইটিএস রিসার্চ সেন্টার ও জনাব শুভ দাস, সহকারী প্রক্টর-এর সার্বিক দিকনির্দেশনায় অনুষ্ঠিত পূজা পূর্ববর্তী সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে ইউআইটিএস-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান উপস্থিত হয়ে অভ্যাগত সকলকে উৎসাহিত করেন। এছাড়া, বিশেষ অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া এবং বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে. এম. সাইফুল ইসলাম খান। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর তারিকুল ইসলামসহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। ক্যাম্পাস প্রাঙ্গনে একঝাঁক শিক্ষার্থীর উপস্থিতি পূজা মণ্ডপে প্রাণের সঞ্চার ঘটায়।



## সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৭৮ তম জন্মবার্ষিকী উদযাপন

ইউআইটিএস-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং বাংলাদেশের অন্যতম শিল্প পরিবার পিএইচপি ফ্যামেলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৭৮ তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ১১ মার্চ ২০২১, বিকাল ৩:০০ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে খতমে কুরআন, আলোচনা সভা এবং দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সুফি মোহাম্মদ মিজানুর রহমানের বর্ণাঢ্য জীবনের উপর আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া এবং বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে. এম. সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, আইন উপদেষ্টা এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ মাহমুদুল হাসান। রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ।

## শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

১৪ ডিসেম্বর ২০২১, মঙ্গলবার, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ মিরপুরস্থ শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় অন্যান্যের মাঝে আরো উপস্থিত ছিলেন ইউআইটিএস-এর প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব খালিদ মাহবুব খান, জনাব শামিম হোসেন ও জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুক। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ভাটারাস্থ ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত, কালো পতাকা উত্তোলন ও কালোব্যাজ ধারণসহ বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে দিবসের কার্যক্রমের সূচনা করা হয়।

> “বিদ্যার সাথে বিনয়, শিক্ষার সাথে দীক্ষা, কর্মের সাথে নিষ্ঠা, জীবনের সাথে দেশপ্রেম এবং মানবীয় গুণাবলীর সংমিশ্রণ ঘটাতে পারলেই সত্যিকারের আদর্শবান মানুষ হওয়া সম্ভব।”
>
> – সুফি মোহাম্মদ মিজানুর রহমান



## স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ইউআইটিএস-এর পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, মুজিববর্ষে পদার্পণ, মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে মহান মুক্তিযুদ্ধের সকল বীর শহীদের প্রতি ইউআইটিএস-এর পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ২৬ মার্চ ২০২১, প্রভাতের শুভলগ্নে জনাব মোহাম্মদ কামরুল হাসান, রেজিস্ট্রার, ইউআইটিএস-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির কার্যক্রমের সূচনা করা হয়। অন্যান্যের মাঝে ছিলেন প্রক্টর জনাব মো. তারিকুল ইসলাম, সহকারী প্রক্টর জনাব শুভ দাস ও জনাব খালিদ মাহবুব খানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ।



২৮ মার্চ ২০২১, রবিবার সন্ধ্যা ৭:০০ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় (অনলাইন মাধ্যমে) প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। আলোচক হিসাবে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপ-উপাচার্য, অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া, বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে. এম. সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী এবং আইকিউএসির পরিচালক ও ইইই বিভাগের প্রধান ড. মো. মিজানুর রহমান অংশ গ্রহণ করেন।

রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের উপস্থাপনায় অনুষ্ঠানের মূল পর্ব শুরু হয় জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুকের কণ্ঠে পবিত্র কুরআনুল কারিম তেলাওয়াতের মধ্য দিয়ে।



## মহান বিজয় দিবস ২০২১ উদযাপন


ইউআইটিএস-এর উদ্যোগে ১৬ ডিসেম্বর ২০২১, সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের নেতৃত্বে সাভারের জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদযাপন করা হয়। এ সময় তার সাথে আরো উপস্থিত ছিলেন ইউআইটিএস-এর প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব খালিদ মাহবুব খান, জনাব শামিম হোসেন, জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুক। দিবসটির কার্যক্রমের সূচনা করা হয় জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে।



## ইউআইটিএস ক্যাম্পাসে অনুষ্ঠিত হলো অগ্নি নির্বাপণ কর্মশালা ও মহড়া-২০২১

গত ১৮ মার্চ ২০২১, বেলা ১০:৩০ টায় ইউআইটিএস-এর নিজস্ব ক্যাম্পাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের পরিচালনায় এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আয়োজনে অগ্নি নির্বাপণ কর্মশালা ও মহড়া-২০২১ অনুষ্ঠিত হয়। কর্মশালা ও মহড়া যৌথভাবে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর জনাব মো. তারিকুল ইসলাম, বিভাগীয় প্রধানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। কর্মশালায় অগ্নি প্রতিরোধ, নির্বাপণ, উদ্ধার ও জরুরী বহির্গমন উপায় নিয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বারিধারা স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ।

কর্মশালা শেষে ইউআইটিএস-এর মূল ভবনের সম্মুখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অগ্নি নির্বাপণ প্রদর্শন ও মহড়া অনুষ্ঠিত হয়।




## ইউআইটিএস-এর বসন্তকালীন নবীনবরণে সুফি মিজানুর রহমান: শিক্ষাজীবন যথাযথভাবে কাজে লাগাতে পারলে জীবনে সাফল্য অনিবার্য

ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ এবং বাংলাদেশের অন্যতম শিল্প প্রতিষ্ঠান পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান বলেন, কঠোর পরিশ্রম কখনো বৃথা যায় না। শিক্ষাজীবন যথাযথভাবে কাজে লাগাতে পারলে জীবনে সাফল্য অনিবার্য। এজন্য চেষ্টা, সাধনা ও কঠোর পরিশ্রম করতে হবে। পার্থিব অগ্রগতির পাশাপাশি নৈতিক উন্নয়ন জাতির সার্বিক সমৃদ্ধির জন্য অপরিহার্য। তিনি নবীন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বলেন, দেশের লক্ষ লক্ষ শিক্ষার্থীদের মধ্যে তোমরা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হবার সুযোগ লাভ করেছ। তোমাদের সে সুযোগকে কাজে লাগাতে হবে। সুশিক্ষিত, আদর্শ ও বিনয়ী মানুষ হিসাবে নিজেদের গড়ে তুলে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মানবসেবায় আত্মনিয়োগ করতে হবে। গত ৩০ মে ২০২১, রবিবার বিকাল ৪:০০ টায় ইউআইটিএস-এর বসন্তকালীন সেমিস্টার ২০২১ উপলক্ষে অনুষ্ঠিত ভার্চুয়াল নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মানের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাবেক অধ্যাপক ও বিশিষ্ট কম্পিউটার বিজ্ঞানী ড. মোহাম্মদ কায়কোবাদ ও ইউআইটিএস-এর উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। আলোচনায় অংশ গ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী ও ইউআইটিএস-এর আইন উপদেষ্টা এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী, ছাত্রকল্যাণ উপদেষ্টা অধ্যাপক ড. নজরুল ইসলাম, প্রক্টর জনাব মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্বদ্যিালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান ও পবিত্র কুরআন তিলাওয়াত করেন জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুক।




## আন্তঃবিশ্ববিদ্যালয় সার্কিট প্রতিযোগিতায় ইউআইটিএস প্রথম

আন্তঃবিশ্ববিদ্যালয় সার্কিট প্রতিযোগিতা ২০২১-এ ইউআইটিএস প্রথম ও তৃতীয় স্থান অধিকার করার গৌরব অর্জন করেছে। গত ১৭ সেপ্টেম্বর ২০২১, সন্ধ্যা ৭:০০ টায় ইউআইটিএস-এর ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) এবং ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগদ্বয়ের যৌথ উদ্যোগে অনলাইন প্লাটফর্মে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ডিসি সার্কিট, এসি সার্কিট ও ইলেকট্রনিক সার্কিট বিষয়ের উপর আয়োজিত এ প্রতিযোগিতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় সহ দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে "আন্তঃবিশ্ববিদ্যালয় সার্কিট প্রতিযোগিতা-২০২১"-এ বিজয়ী নির্বাচিত হয় ইউআইটিএস-এর ইইই বিভাগের শিক্ষার্থী তুষার আহমেদ ভূঁইয়া। দ্বিতীয় স্থান অর্জন করে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর শিক্ষার্থী মাহমুদুল হাসান এবং তৃতীয় স্থান দখল করে ইউআইটিএস-এর ইইই বিভাগের শিক্ষার্থী কমল চন্দ্র গায়েন।

করোনা মহামারির সময়ে অনলাইন প্লাটফর্মে এধরনের প্রতিযোগিতার আয়োজন করায় বিশ্ববিদ্যালয়ের ইইই ও ইসিই বিভাগদ্বয়কে এবং প্রতিযোগিতায় গৌরবময় স্থান অর্জন করার জন্য সকল প্রতিযোগীকে ইউআইটিএস পরিবারের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানানো হয়।



## শিক্ষার্থীদের বরণের মধ্য দিয়ে ইউআইটিএস ক্যাম্পাস খুলেছে

১০ অক্টোবর, ২০২১, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর ঢাকার বারিধারাস্থ নিজস্ব ক্যাম্পাস খুলেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কমকর্তাগণ ফুলেল শুভেচ্ছার মধ্য দিয়ে শিক্ষার্থীদের বরণ করেন। এ সময় শিক্ষাঙ্গন আনন্দ কোলাহলমুখর হয়ে উঠে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনামতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী স্বাস্থ্য সুরক্ষার সকল বিধি-নিষেধ অনুসরণ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। উল্লেখ্য যে, গত ৫ অক্টোবর, ২০২১, তারিখ অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ২৬তম সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয় আইসিটি সেলের প্রতিবেদন অনুযায়ী এ পর্যন্ত প্রায় ৯৫ ভাগ ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ২ ডোজ বা ১ ডোজ টিকা নিয়েছেন অথবা টিকার জন্য নিবন্ধন করেছেন।




## সিএসই বিভাগের রোবটিক্স ল্যাব উদ্বোধন

গত ৪ নভেম্বর ২০২১, সিএসই বিভাগের রোবটিক্স ল্যাবের শুভ উদ্বোধন করেন ইউআইটিএস এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। সিএসই বিভাগের প্রধান জনাব আল-ইমতিয়াজের পরিচালনায় অনুষ্ঠান স্থলে আরো উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান, উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, আইন অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, ছাত্রকল্যাণ উপদেষ্টা অধ্যাপক ড. নজরুল ইসলাম, রেজিস্ট্রার মো. কামরুল হাসান এবং বিভাগটির শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ।



## ইউসিইসি তৃতীয় ফিল্ম ফেস্টিভাল

ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাবের উদ্যোগে ৯ নভেম্বর ২০২১, বিশ্ববিদ্যালয়ের রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে দু'দিনব্যাপী 'ইউসিইসি তৃতীয় ফিল্ম ফেস্টিভাল'-এর আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া ফেস্টিভালের শুভ উদ্বোধন করেন। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান মিসেস আয়শা আকতারের সভাপতিত্বে আয়োজিত এ চলচিত্র উৎসবে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ইউআইটিএস-এর কোষাধ্যক্ষ, অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, আইন অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়াসহ বিভাগের সম্মানিত শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীবৃন্দ।



## ইউআইটিএস আন্তঃ বিভাগীয় বার্ষিক ফুটবল টুর্নামেন্টে ফার্মেসি বিভাগ অপরাজিত চ্যাম্পিয়ন

ইউআইটিএস এর আন্তঃ বিভাগীয় বার্ষিক ফুটবল টুর্নামেন্ট-২০২১-এর ফাইনাল ম্যাচে ৩/০ গোলে অপরাজিত চ্যাম্পিয়ন হয় ফার্মেসি বিভাগ। গত ১৯ ডিসেম্বর ২০২১, ইংরেজি ও ফার্মেসি বিভাগের মধ্যে ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয়ের নিজ ক্যাম্পাসে। ম্যান অব দি ম্যাচ নির্বাচিত হন ফার্মেসি বিভাগের খেলোয়ার মোহাম্মদ সানি। ম্যাচটির রেফারির দায়িত্বে ছিলেন আইকিউএসি'র পরিচালক ও ইইই বিভাগের প্রধান ড. মো. মিজানুর রহমান। সম্মানিত অতিথি হিসাবে ফাইনাল খেলাটি উপভোগ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান।

উল্লেখ্য, গত ৪ নভেম্বর ২০২১ তারিখ, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস) আন্তঃ বিভাগীয় বার্ষিক ফুটবল টুর্নামেন্ট-২০২১-এর শুভ উদ্বোধন করেন ইউআইটিএস এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।



## বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিদেশী শিক্ষার্থী বিষয়ক পুলিশ কর্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয় প্রতিনিধি মতবিনিময় সভা

গত ৫ অক্টোবর ২০২১, বাংলাদেশ পুলিশ-এর স্পেশাল ব্রাঞ্চের উদ্যোগে রাজধানীর মালিবাগস্থ প্রধান কার্যালয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত বিদেশী শিক্ষার্থীদের বিষয়ে বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিনিধিদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর প্রতিনিধি হিসাবে ইউআইটিএস ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক ও ইংরেজি বিভাগের সম্মানিত শিক্ষক জনাব শুভ দাস অংশগ্রহণ করেন। সভায় বিদেশী শিক্ষার্থীদের ভিসার মেয়াদ বর্ধিতকরন, পাসপোর্ট সংক্রান্ত জটিলতা এবং করোনাকালীন পরিস্থিতিতে বিদেশী শিক্ষার্থীদের নিয়ে সৃষ্ট বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়। প্রতিনিধিগণ নিজস্ব অবস্থান থেকে সমস্যা সমাধানে তাদের গঠনমূলক মতামত উপস্থাপন করেন।



## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উদযাপন

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠকন্যা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন পালন করা হয়। ২৮ সেপ্টেম্বর ২০২১, সকাল ১১:০০ টায় মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে বৃক্ষরোপন কর্মসূচি ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন করেন মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। এ সময় উপস্থিত ছিলেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ইউআইটিএসের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মাজহারুল হক, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, আইকিউএসির পরিচালক ড. মো. মিজানুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



## সমাজকর্ম বিভাগের নতুন ও পুরাতনদের মিলন মেলা

গত ৯ ডিসেম্বর ২০২১, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর সমাজকর্ম বিভাগের উদ্যোগে অ্যালামনাই ও নতুন শিক্ষার্থীদের মিলন মেলা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভাগটির প্রভাষক মিস সিলভিয়া ক্রিস্টানা গোমেজ-এর বিদায় সংবর্ধনাও দেয়া হয়। সমাজকর্ম বিভাগের প্রধান জনাব মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান, বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসীসহ সমাজকর্ম বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থী।



## কোভিড-১৯ থেকে সুরক্ষায় পাঁচ স্তর বিশিষ্ট "ইন্টেলিজেন্ট থার্মোমেট্রি জীবাণুমুক্তকরন চ্যানেল" উদ্ভাবন করেছে ইউআইটিএস-এর ইইই বিভাগ

ইউআইটিএস-এর ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের একঝাঁক উদ্যমী তরুণ শিক্ষার্থী কোভিড-১৯ থেকে সুরক্ষায় পাঁচ স্তর বিশিষ্ট "ইন্টেলিজেন্স থার্মোমেট্রি জীবাণুমুক্তকরন চ্যানেল" উদ্ভাবন করেছে। সম্প্রতি উদ্ভাবিত এ চ্যানেলটি করোনা সংক্রামণ হ্রাসে সহায়ক ভূমিকা রাখবে।

বিশ্বব্যাপী কোভিড-১৯-এর ব্যাপক প্রাদুর্ভাবে খতিগ্রস্ত তৃতীয় বিশ্বের দেশগুলোকে বিশেষতঃ বাংলাদেশের মতো ঘন বসতিপূর্ণ দেশকে মূল স্রোতে ফিরিয়ে আনতে প্রচণ্ড সংগ্রামের মধ্য দিয়ে চলতে হচ্ছে। এ লক্ষ্য অর্জনে দেশের জনসাধারণের দ্বিধাহীন চিত্তে নিজ নিজ কর্মস্থলে পুনরাবিভূত হবার উদ্যোগ গ্রহণ করা জরুরি। টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি "The Integrated Intelligence thermometry Disinfection Channel"-এর মতো উদ্ভাবন কোভিড-১৯ সংক্রামণের ঝুকি অনেকাংশে হ্রাসকরণে সহায়ক ভূমিকা রাখবে। আর এ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে জনগণকে তাদের স্ব স্ব কর্মক্ষেত্রে প্রত্যাবর্তন ত্বরান্বিত হবে।




ইইই বিভাগের সম্মানিত সহযোগী অধ্যাপক ও ইউআইটিএস রিসার্চ সেন্টারের পরিচালক ড. পলাশ চন্দ্র কর্মকার-এর তত্ত্বাবধানে বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী- রানা চন্দ্র ধর, ফয়সাল ইমরোজ, আয়মান আল সামি, কাজী আইনুল হোসেন "Intelligence Thermometry Disinfection Channel for COVID-19" শীর্ষক উচ্চ প্রশংসনীয় প্রকল্পটি বাস্তবায়ন করেছে।

প্রস্তাবিত থার্মোমেট্রি ও জীবাণুমুক্তকরণ চ্যানেলটি মূলত মানবদেহ, পোষাপ্রাণী, দ্রব্যসামগ্রীসহ সকল বস্তুকে রোগ-জীবাণুমুক্ত করায় বিশেষভাবে কাজ করে থাকে এবং মানবদেহের অস্বাভাবিক তাপমাত্রা নিরুপনে সক্ষম।



## পরীক্ষা সংক্রান্ত নীতিমালা বিষয়ক দু'দিনের কর্মশালা

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর পরীক্ষা সংক্রান্ত নীতিমালা বিষয়ক দু'দিনব্যাপী কর্মশালা উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য এবং কর্মশালার প্রধান অতিথি অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের উদ্যোগে গত ৭ নভেম্বর ২০২১, ফ্যাকাল্টি অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ১০ নভেম্বর ২০২১, ফ্যাকাল্টি অব বিজনেস, ফ্যাকাল্টি অব লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস ও ফ্যাকাল্টি অব ল'-এর সকল শিক্ষকের অংশগ্রহণে এ কর্মশালার আয়োজন করা হয়।

অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) ও পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটির আহ্বায়ক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় মুখ্য আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর ও স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট এবং ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। বিশেষ অতিথির আসন অলঙ্কৃত করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ এবং সঞ্চালকের দায়িত্বে ছিলেন ইউআইটিএস-এর পরীক্ষা নিয়ন্ত্রক ও পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটির সদস্য সচিব অধ্যাপক আ.ন.ম. শরীফ। দু'দিনের এ কর্মশালায় আলোচক হিসাবে অংশ নেন ফ্যাকাল্টি অব বিজনেস-এর ডিন অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম, ফ্যাকাল্টি অব লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস-এর ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী, ফ্যাকাল্টি অব ল'-এর ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটির সদস্য ও ইইই বিভাগের প্রধান ড. মো. মিজানুর রহমান এবং পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটির সদস্য ও ল' বিভাগের প্রধান মুহাম্মদ ইকবাল হাছান। এছাড়া আরো উপস্থিত ছিলেন ছাত্রকল্যাণ উপদেষ্টা অধ্যাপক ড. নজরুল ইসলাম, বিভাগসমূহের প্রধান, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সিনিয়র সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব জেসমিন সুলতানা, জনাব সৈয়দ ফরহাদ আহম্মেদ সুজন ও সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মো. মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

কর্মশালার মুখ্য আলোচক অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান শিক্ষকতা জীবনে পরীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা তুলে ধরে পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন বিষয়ের উপর সারগর্ভ আলোচনা রাখেন। তিনি বলেন, যোগ্য ও দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষে মানসম্পন্ন গ্রাজুয়েট তৈরিতে অভিন্ন পরীক্ষা পদ্ধতি প্রতিষ্ঠা অনিবার্য। মানসম্পন্ন নীতিমালার আলোকে পরীক্ষা পদ্ধতি পরিচালিত হলে শিক্ষার্থীদের শিক্ষার ভীত মজবুত হবার সাথে সাথে প্রতিষ্ঠানের পড়া-লেখার মান বৃদ্ধি পাবে। পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ইউআইটিএস-এ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন এবং 'পরীক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি'র মাধ্যমে নীতিমালা প্রণয়নে সঠিক দিকনির্দেশনা দেয়ায় মাননীয় উপাচার্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।



## ইউআইটিএস ইংলিশ ক্লাবের নির্বাচন অনুষ্ঠিত

গত ১ নভেম্বর ২০২১, সোমবার ইংরেজি বিভাগের ১৫৭ জন শিক্ষার্থীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে ইউআইটিএস ইংরেজি বিভাগের ইংলিশ ক্লাবের নির্বাচন সুষ্ঠু ভাবে অনুষ্ঠিত হয়। নির্বাচনে সামশ ই-তাবরিজ ভাইস প্রেসিডেন্ট ও শানু আক্তার জেনারেল সেক্রেটারি নির্বাচিত হয়। নির্বাচন অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন মিসেস সৈয়দা আফসানা ফেরদৌসী। বিশেষ অতিথি হিসাবে শিক্ষার্থীদের মাঝে উপস্থিত ছিলেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান।



## ইংরেজি বিভাগের আয়োজনে পিঠা উৎসব

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ইংরেজি বিভাগের উদ্যোগে গত ১ ডিসেম্বর ২০২১, ক্যাম্পাস ভবনের উন্মুক্ত গ্যালারিতে দিন ব্যাপী পিঠা উৎসব ২০২১ আয়োজন করা হয়। অনুষ্ঠানটির উদ্বোধন করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি পরিবারের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। এ সময় অনুষ্ঠান স্থলে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর ও স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট এবং ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, ল' অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, লিবারাল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী, ইইই বিভাগের প্রধান ও আইকিউএসির পরিচালক ড. মো. মিজানুর রহমান, বাংলাদেশ টেলিভিশনের কন্ট্রলার (ক্যামেরা) জনাব মো. আসাদুজ্জামান মিঠু, ফার্মেসি বিভাগের বিভাগীয় প্রধান জনাব মো. মোফাজ্জল হোসেন ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস। এছাড়াও অন্যান্যের মাঝে উপস্থিত চিলেন ইংরেজি বিভাগের সম্মানিত শিক্ষক-শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ।




## আইন বিভাগের উদ্যোগে মুটকোর্ট ও নবীনবরণ উদযাপিত

ইউনিভার্সিটি অব ইরফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর আইন অনুষদভুক্ত আইন বিভাগের উদ্যোগে গত ১৭ অক্টোবর ২০২১, রবিবার, সকাল ১১ টায় মুটকোর্ট ও নবীনবরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি পরিবারের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। আইন অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সম্মানিত অতিথি হিসাবে অংশগ্রহণ করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব মোহাম্মদ আলী হোসেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান, উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইন বিভাগের বিভাগীয় প্রধান জনাম মুহাম্মদ ইকবাল হাছান। আরো অংশগ্রহণ করেন অনুষদসমূহের ডিনবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধানগণ, সকল অফিস প্রধানসহ আইন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



## ইইই ও ইসিই'র নবীনবরণে দেশের কল্যাণ ও আর্ত-মানবতার সেবায় ব্রত হবার আহ্বান

'জীবনে সফলতা অর্জন করতে হলে কঠোর পরিশ্রম, গভীর সাধনা ও তপস্যা করতে হবে। নৈতিক মূল্যবোধ সম্পন্ন আলোকিত মানুষ হিসাবে নিজেকে গড়ে তুলে দক্ষ প্রকৌশলী হয়ে দেশের কল্যাণ ও আর্ত-মানবতার সেবায় আত্মনিয়োগ করতে হবে।' ইউআইটিএস-এর বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি পরিবারের মাননীয় চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) এবং ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগদ্বয়ের শরৎকালীন ২০২০, বসন্তকালীন ২০২১ ও শরৎকালীন ২০২১ সেমিস্টার-এর নবীনবরণ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষার্থীদের উদ্দেশ্যে এ কথা বলেন। ইইই ও ইসিই বিভাগদ্বয়ের উদ্যোগে ২৯ নভেম্বর ২০২১, সকাল ১১ টায় ঢাকার বারিধারাস্থ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিভাগদ্বয়ের নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয়ার পাশাপাশি করোনাকালীন অনলাইনে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের হাতে আকর্ষণীয় পুরস্কার ও সার্টিফিকেট তুলে দেয়া হয়।

ইইই বিভাগের প্রধান ও আইকিউএসি'র পরিচালক ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণে সম্মানিত অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো সোলায়মান, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ইউআইটিএস-এর মাননীয় উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আবু হাসান ভূঁইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, ইউআইটিএস-এর আইন উপদেষ্টা ও আইন অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া, ইউআইটিএস রিসার্চ সেন্টারের পরিচালক ও ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. পলাশ চন্দ্র কর্মকার।

## A webinar conducted on Job sectors for EEE & ECE Graduates in Bangladesh

Department of Electrical and Electronic Engineering (EEE) of University of Information Technology & Sciences (UITS) organized a Webinar titled "Job sectors for EEE & ECE Graduates in Bangladesh" on 24 August 2021. Engr. Md. Iqbal Hasan, Founder Chairman (CEO), Radiance Power Limited, Gazipur, Bangladesh was the speaker of the webinar. Dr. Md. Mizanur Rahman, Head of the EEE Department introduced webinar speaker and gave a brief introduction of the EEE Department to the audience.

Engr. Md. Iqbal Hasan, explained in detail the technical issues and engineering activities in the power sector, and also highlighted to adapt to the changes of technical knowledge and skills in this sector. He also explained career prospects in the power sector in Bangladesh and shared his work experiences in power sectors. He provided some important tips to the fresh graduates who wish to enter into the jobs of power sectors. Besides Professor Dr. K M Saiful Islam Khan, Adviser, the Board of Trustee, UITS and Professor Dr. Md. Mazharul Hoque, Dean, Faculty of Science and Engineering, UITS gave their inauguration speechs. Md. Mahmudul Hasan, Assistant Professor of EEE Department anchored the program. In the end, Dr. Md. Mizanur Rahman, Associate Professor and Head of the EEE Department appreciated the speakers and thanked all the audiences connected to the webinar through the Zoom platform. All the faculty members, around 100 students of the EEE Department and other guests attended the webinar.



## Pharma Fest-2021

Pharma Fest-2021 was organized by the Department of Pharmacy on Sunday, October 24, 2021 at 11 am. Founder of the University of Information Technology and Sciences (UITS) and the Chairman of the Board of Trustees and PHP family, Ekushey Medal recipient Alhaj Sufi Mohamed Mizanur Rahman, was the keynote speaker.

Honorable Vice Chancellor Professor Dr. Mohammed Solaiman, Pro VC Professor Dr. Md. Abu Hashan Bhuiyan and Honorary Adviser of UITS Board of Trustees and Provost of Dhaka University Sir A F Rahman Hall Dr. K. M Saiful Islam Khan were present on the occasion along with other guests. Head of the Department, Mofazzal Hossain welcomed all and addressed the challenges that we have to overcome in the near future. Moreover, he emphasized on our preparedness and area of improvement as well. Presence of all the faculty members, alumni and regular students of pharmacy department made this event fruitful.



## Celebration of ‘World Pharmacist Day-2021’

On the 25th of September, 2021 Department of Pharmacy of UITS in association with UITS Pharmacy Club organized a webinar regarding World Pharmacist Day. The webinar was divided into two sessions– discussion session and cultural session. The program was enlightened with the presence of Sufi Mohamed Mizanur Rahman, Chairman of BoT of UITS and PHP family, who was the chief guest of this event. Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, Pro-VC of UITS was the chairperson and Professor Dr. K. M Saiful Islam Khan (Advisor of BOT), Professor Dr. Md Mazharul Hoque (Dean, Faculty of Science & Engineering), Professor Dr. Sitesh Chandra Bachar (Advisor, Pharmacy Department) were present on the webinar as special guests. After the discussion session, a cultural program was arranged by the students and faculty members. Their mesmerizing performance made the program more enjoyable. All the faculty members, alumni and students of Department of Pharmacy were present on that occasion.

## Department of IT secured the 2nd position in “National Inter-University Cyber Drill 2021”

On the occasion of the 50th Victory Day of Bangladesh and centenary of the Birth of the Father of Nation Bangabandhu Shiekh Mujibur Rahman, BGD e-GOVT CIRT organized the 1st “National Inter-University Cyber Drill 2021” according to the plan of organizing three consecutive cyber drills. A two-day long cyber-drill competition was held from August 23 to 24 among all the universities of Bangladesh. The main objectives of this competition were to enhance the skills of all university students and gave them an idea of cyber-security through participation. During the COVID-19 pandemic period, the young and intelligent students of UITS were not sitting idle, rather they tried to overcome the situation by enhancing numerous skills in the era of Information Technology. As a continuation, they pushed them to the utmost level through participation in the “Cyber Drill Competition”. The UITS Team Led by the student of the Department of IT, MD Otol Khan (Student ID: 1914555002) and accompanied by the students of the Department of IT, Syeda Aunanya Mahmud ( Student ID: 1914555019) and Nur Muhammad Atikur Rahman from the Department of CSE (Student ID: 151010210006) secured the 2nd position among 280+ universities by scoring 3550 out of 4000 points, where over 1,100+ participants were competing for the glory from both public and private universities.




## Department of Business Studies organized a Webinar on "Public Procurement System in Bangladesh"

Department of Business Studies (DoBS), UITS arranged a Webinar on "Public Procurement System in Bangladesh" on August 1, 2021 (Sunday) at 11:00 AM through google meet online platform. Mr. Shish Haider Chowdhury, Joint Secretary, Ministry of Public Administration, Govt. of the People’s Republic of Bangladesh was the keynote speaker of the webinar. Public procurement is an important ascertaining function of Government and by which the government obtains all its necessary goods, works, and services. Basically, Government and state-owned enterprises purchase goods and services by using this process. Public procurement functions to not for profit, typically it has a larger focus on adding social value to a supply chain. The objective of this event was to let our students know about Public Procurement System of Bangladesh and the importance of this sector in our economy.



## মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে ইউআইটিএস-এর উপ-উপাচার্য পদে অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর উপ-উপাচার্য হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ও আচার্য-এর অনুমোদনক্রমে নিয়োগ পেয়েছেন অত্র বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপ-উপাচার্য ও সিএসই বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু হাসান ভূঁইয়া। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে ২৭ ফেব্রুয়ারি ২০২২, রবিবার তিনি এ পদে যোগদান করেন।

ড. ভূঁইয়া ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৩ সালে বিএসসি, ১৯৭৫ সালে এমএসসি (পদার্থবিজ্ঞান) এবং ১৯৮১ সালে এমফিল (পদার্থবিজ্ঞান) ডিগ্রি অর্জন করেন। পরবর্তিতে তিনি ১৯৮৯ সালে ভারতের পুনে বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি এবং ১৯৯৮ সালে যুক্তরাজ্যর লিডস বিশ্ববিদ্যালয় থেকে পলিমার বিজ্ঞান এর উপর পোস্ট ডক্টরাল গবেষণা করেন। কর্ম জীবনে তিনি ১৯৮১ থেকে ২০১৮ সাল পর্যন্ত বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ পদার্থবিজ্ঞান বিভাগে সাফল্যের সাথে অধ্যাপনা করেন।



## কোষাধ্যক্ষ হিসাবে অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদের দায়িত্ব গ্রহণ

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর ভারপ্রাপ্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ৩৩ (১) অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ে যোগদানের তারিখ থেকে ৪ বছরের জন্য কোষাধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করেছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ১৬ মার্চ, ২০২১ তারিখ পাঠানো পত্রের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে।

ড. সিরাজ উদ্দীন আহমেদ ১৯৭০ সালে লালমোহন উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি ও ১৯৭২ সনে বরিশাল সরকারী বিএম কলেজ থেকে এইচএসসি কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। তিনি চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনায় ১৯৭৬ সনে বি.কম ও ১৯৭৭ সনে এম.কম ডিগ্রি অর্জন করেন। তিনি ভারতের আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে এমফিল এবং ১৯৯২ সালে পিএচডি ডিগ্রি লাভ করেন।

## ইউআইটিএস রিসার্চ সেন্টারের পরিচালক পদে অধ্যাপক ড. মিজান



গত ১ জুন ২০২২, অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান ইউআইটিএস রিসার্চ সেন্টারের পরিচালক পদে যোগদান করেন। অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে অধ্যাপনার পাশাপাশি তিনি এ দায়িত্ব পালন করবেন। ড. রহমান ১৯৯৫ সালে বুয়েটের সিএসই ডিপার্টমেন্ট থেকে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি লাভ করেন। ইতিপূর্বে রাজশাহী এডুকেশন বোর্ড থেকে Combined merit list এ sixth distinction-সহ কৃতিত্বের সাথে তিনি H.S.C. পাশ করেন। ১৯৯৬ সালে তিনি উচ্চ শিক্ষার জন্য মালয়েশিয়া গমন করেন এবং ইউনিভার্সিটি মালয়েশিয়া সারোয়াক থেকে ইনফরমেশন টেকনোলজিতে এমএসসি ডিগ্রি লাভ করেন। পরবর্তিতে তিনি ফোটনিক্স নির্ভর কোয়ান্টাম কমিউনিকেশনের উপর গবেষণা করে মাল্টিমিডিয়া ইউনিভার্সিটি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।



## প্রক্টর হিসাবে ড. ইয়াছিন আলী নিয়োগপ্রাপ্ত হলেন

ইউআইটিএস-এর প্রক্টর হিসাবে নিয়োগ পেয়েছেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. ইয়াছিন আলী। গত ১৫ সেপ্টেম্বর ২০২১, তিনি এ পদে যোগদান করেছেন। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নবনিযুক্ত প্রক্টরকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।



## ছাত্র কল্যাণ উপদেষ্টা পদে জনাব মোহাম্মাদ মোবারক হোসেন

ইউআইটিএস-এর ছাত্র কল্যাণ উপদেষ্টা হিসাবে নিয়োগ পেয়েছেন সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মাদ মোবারক হোসেন। গত ১ জুন ২০২২, তিনি এ পদে যোগদান করেছেন। নব নিযুক্ত উপদেষ্টাকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন সহকারে বরণ করে নেয়া হয়।



## আইসিটি সেলের নতুন পরিচালক মোঃ মনিরুল ইসলাম

ইউআইটিএস-এর আইসিটি সেলের পরিচালক হিসাবে যোগদান করেছেন সিএসই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুল ইসলাম। তাঁর এ নতুন পদে যোগদান উপলক্ষে গত ২৭ এপ্রিল ২০২২ তাঁকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়।

# ভর্তি চলছে

| প্রোগ্রামসমূহ | সর্বমোট ফি |
|---|---|
| **সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ** | |
| বিএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ৫,৫৪,৭০০ |
| বিএসসি ইন ইনফরমেশন টেকনোলজি (আইটি) | ৫,১৮,৭০০ |
| বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৫,৩০,৭০০ |
| বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা হোল্ডার) | ৪,৩৩,৭০০ |
| বিএসসি ইন ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) | ৫,৫৮,২০০ |
| বিএসসি ইন ইলেক্ট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) | ৫,৫৪,৭০০ |
| ব্যাচেলর অব ফার্মেসি | ৫,৭০,৭০০ |
| এমএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | ১,১৪,৩০০ |
| এমএসসি ইন টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ১,১৪,৩০০ |
| **বিজনেস অনুষদ** | |
| বিবিএ | ৪,৩৮,৩০০ |
| এমবিএ | ২,২৯,৭০০ |
| এমবিএ (বিবিএ গ্র্যাজুয়েট) | ১,৩০,৭০০ |
| ইএমবিএ | ১,৬৪,৪৫০ |
| **আইন অনুষদ** | |
| এলএলবি (অনার্স) | ৩,৭১, ১০০ |
| এলএলএম | ৯৪,০০০ |
| **লিবারেল আর্ট অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদ** | |
| বিএ (অনার্স) ইন ইংলিশ | ৩,৫৯,৭০০ |
| বিএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ২,৮৭,৭০০ |
| এমএ ইন ইংলিশ | ২,১২,৫০০ |
| এমএ ইন ইংলিশ (ইংলিশ গ্র্যাজুয়েট) | ১,২০,০০০ |
| এমএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ৭৯,২০০ |

**১০০% পর্যন্ত বৃত্তি সুবিধা**

- ১০০% পর্যন্ত — এসএসসি এবং এইচএসসি ফলাফলের উপর।
- ২৫% — ইউআইটিএস-এর প্রাক্তন শিক্ষার্থীদের জন্য।
- ২০% — ভাইবোন এবং স্বামী-স্ত্রী উভয়ের জন্য।
- ১৫% পর্যন্ত — মাস্টার্স প্রোগ্রামের জন্য।

- সুফি মিজানুর রহমান ফাউন্ডেশন বৃত্তি
- রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি

শিক্ষার্থীদের জন্য পরিবহন সুবিধা

- ঢাকার বারিধারায় আধুনিক সুবিধা সম্বলিত নিজস্ব ক্যাম্পাস।
- দেশ-বিদেশের উচ্চতর ডিগ্রিপ্রাপ্ত পূর্ণকালীন শিক্ষকমণ্ডলী।
- ডিপ্লোমা ইঞ্জিনিয়ার এবং পেশাজীবীদের জন্য সান্ধ্যকালীন ও শুক্রবার ক্লাস।


UITS RESEARCH CENTER


**University of Information Technology & Sciences**

Permanent Campus: Holding 190, Road 5, Block J, Baridhara, Maddha Nayanagar, Vatara, Dhaka-1212, Bangladesh.
Phone: 09678 008487
Mobile: 01713-487709, 01939-915209, 01914-240649, 01844-043870
www.uits.edu.bd, Email: researchcenter@uits.edu.bd
www.facebook.com/theuits



| | |
|---|---|
| **Chief Patron** | : **Prof. Dr. Mohammed Solaiman**<br>Vice Chancellor |
| **Patron** | : **Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan**<br>Pro-Vice Chancellor |
| **Chief Editor** | : **Prof. Dr. K M Saiful Islam Khan**<br>Advisor, Board of Trustees |
| **Editor** | : **Dr. Palash Chandra Karmaker**<br>Director, UITS Research Center |
| **Assistant Editor** | : **Tanvir Reza Sirazi**<br>Assistant Director, UITS Research Center |
| **Computer Compose** | : **Md. Sajib Miah**<br>Office Assistant, UITS Research Center |